গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উলিপুর, কুড়িগ্রাম।
ulipur.kurigram.gov.bd

## উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী মাহমুদুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
উলিপুর, কুড়িগ্রাম।

তারিখ : ৩১/১২/২০২৪ খ্রি।

সময় : সকাল- ১১.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা উপস্থিতি রেজিস্টার এ দ্রষ্টব্য।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং ডিসেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন ধরনের সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রম নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | পান্ডুল ইউনিয়ন পরিষদঃ চেয়ারম্যান, পান্ডুল ইউনিয়ন পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম জানান, পান্ডুল ইউনিয়নে জন্মনিবন্ধন পাসওয়ার্ড এখনও চালু হয়নি। প্রতি মাসের রিপোর্ট দেওয়া যাচ্ছে না। দ্রুত পাসওয়ার্ডটি সচল করার আহবান জানান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০২ | ধামশ্রেণী ইউনিয়ন পরিষদঃ চেয়ারম্যান, ধামশ্রেণী ইউনিয়ন পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম জানান, ধান/চাল সংগ্রহের ডিলার নিয়োগ হচ্ছে। বয়স্ক ও বিধবা ভাতার লাইফভেরিফিকেশন করা জরুরী সে বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। ইউনিয়নের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৩ | বজরা ইউনিয়ন পরিষদঃ চেয়ারম্যান, বজরা ইউনিয়ন পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম জানান, বজরা ইউনিয়নের উন্নয়ন সহায়তা প্রকল্প জমা প্রদান করেছি কিন্তু এখনও প্রকল্প অনুমোদন পাইনি। বজরা বাজারের হাট সেডটি নির্মাণ করা জরুরী। খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় যারা মারা যান তাদের তাদের নামের পরিবর্তে কার নাম অন্তর্ভূক্ত করা হয় সে বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা প্রশাসন, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৪ | দুর্গাপুর ইউনিয়ন পরিষদঃ চেয়ারম্যান, দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম জানান, হাট-বাজার উন্নয়ন তহবিল এবং হাট-বাজার প্রকল্প অনুমোদনের বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এডিপি প্রকল্প দাখিল করা হয়েছে তা যেন দ্রুত শেষ হয় সে বিষয়ে অবগত করেন। বিভিন্ন ভাতাভোগী যারা মারা যায় তার তথ্য পাওয়া যায় না। তথ্য জানার জন্য সমাজসেবা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা প্রশাসন, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, মা ও শিশু তহবিল কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কার্যক্রম ও চলমান। তবে জানুয়ারী ২০২৫ থেকে ২০২৬ পর্যন্ত নতুন করে উপকারভোগী বাছাইয়ের জন্য অনলাইনে আবেদন শুরু হবে। কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা পঃ পঃ অফিসঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভবে চলছে। তিনি জানান, জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর সরবরাহ অত্যন্ত অপ্রতুল। বিশেষ করে জন্মনিয়ন্ত্রনের জন্য ইনজেকশন ও সিরিঞ্জ সরবরাহ নেই। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৭ | উপজেলা পল্লী বিদ্যুৎ অফিসঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভবে চলছে। তিনি জানান, বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিলসমূহ পরিশোধ করার জন্য অনুরোধ করেন। উলিপুর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নামীয় মিটারটিতে ৩,৫০,০০০/- (তিনলক্ষ পঞ্চাশ হাজার) টাকা বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে একাধিকবার পত্র প্রদান করা হয়েছে। এতদবিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৮ | উপজেলা কৃষি অফিসঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভবে চলছে। তিনি জানান, আমন মৌসুমে রোপা আমন ধান কর্তণ সর্ম্পন্ন হয়েছে। আগামী বোরো ধান আবাদের জন্য বোরো বীজতলার কার্যক্রম চলামান রয়েছে। উলিপুর উপজেলা সকল প্রকার সারের মজুদ যথেষ্ট রয়েছে। তাছাড়াও রবি মৌসুমের বিভিন্ন ফসলের আবাদ চলামান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম। |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভবে চলছে। তিনি জানান, বর্তমানে শৈত্যপ্রবাহ চলমান থাকায় গবাদী পশু ও হাস মুরগীর সুস্বাস্থ্য রক্ষায় খামারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে উঠান বৈঠক, ভ্যাকসিনেশন ক্যাম্প ও ফ্রি ভেটেরিটরি মেডিকেল ক্যাম্প চলমান। উক্ত দপ্তরের প্রাঙ্গণে ভ্যাকসিনেশন ক্যাম্প পরিচালনার মাধ্যমে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ করার কাজ চলমান। উক্ত দপ্তরের প্রাঙ্গনে ০১ টি মেহগনি গাছ, ০২ টি ইউক্যালিপ্টাস গাছ ও ০১ টি শিমুল গাছ অবস্থিত। অবকাঠামো ও বাউন্ডারী ওয়ালের জন্য ঝুঁকিপূর্ন অবস্থায় আছে। তাছাড়া উক্ত গাছের কারনে প্রাণি চিকিৎসাসহ প্রাণি পরিবহণের যানবাহন রাখতে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ইতিমধ্যে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দেওয়া হয়েছে বলে সভায় জানান। বিষয়টি সুবিবেচনার জন্য অনুরোধ জানান। উক্ত দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণের মোটরসাইকেল অফিসে রাখার মত কোন জায়গা না থাকায় অফিস চলাকালীন সময়ে মটরসাইকেলগুলো সংরক্ষণের জন্য একটি মোটরসাইকেল গ্যারেজ স্থাপনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলামান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা ২০২৪ পরিদর্শন ও তথ্য সংগ্রহ এবং প্রকৃত হিসাব সংরক্ষণ করা। বার্ষিক পরীক্ষা ২০২৪ এর আলোকে ২০২৫ শিক্ষাবর্ষের বাই বিতরণ শুরু করা হয়েছে। । দুরবর্তী শিক্ষা প্রতিষ্ঠান সমূহ হোয়াটস এ্যাপস এ ভিডিও কলের মাধ্যমে পর্যবেক্ষণ ও গ্রুপ যুক্ত থাকার পরামর্শ প্রদান। শিক্ষা প্রতিষ্ঠানে চলমান অভিযোগের তদন্ত পূর্বক সভাপতি মহোদয়ের সহযোগীতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম চলমান। | গ্রুপের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। বার্ষিক পরীক্ষা ২০২৪ এর তথ্যের ভিত্তিতে ৫% বৃদ্ধি করে প্রতিষ্ঠানে বই বিতরণ করা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, প্রতিষ্ঠান প্রধান উলিপুর, কুড়িগ্রাম। |
| ১১ | উপজেলা খাদ্য অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, আমন মৌসুম চলমান। চাল বরাদ্দ পাওয়া গেছে বন্টন এর বিপরীদে চাল সংগ্রহ করা হবে। টিসিবির গত নভেম্বর ২০২৪ মাসের চাল এখনও ডিলাররা বিতরণ করেনি। ০৯ জন ডিলার এখনও চাল উত্তোলন করেনি। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উলিপুর, কুড়িগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, সকল ভাতাভোগীদের ২য় কিস্তির (অক্টোবর-ডিসেম্বর) ভাতার অর্থের জন্য পে-রোল প্রদান করা হয়েছে। জানুয়ারী মাসের মধ্যে সকল ভাতাভোগীর অর্থ পেয়ে যাবে। ২০২৪-২০২৫ অর্থবছরের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা, শিক্ষা উপবৃত্তি ও প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন ৩০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত চলামান ছিল। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা ২০২৪ পরিদর্শন ও তথ্য সংগ্রহ। দুরবর্তী শিক্ষা প্রতিষ্ঠান সমুহ হোয়াটস এ্যাপস এ ভিডিও কলের মাধ্যমে পর্যবেক্ষণ ও গ্রুপ যুক্ত থাকার পরামর্শ প্রদান। শিক্ষা প্রতিষ্ঠানে চলমান অভিযোগের তদন্ত পূর্বক সভাপতি মহোদয়ের সহযোগীতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম চলামান। | সকল ভাতাভোগীদের তাদের বিকাশ নম্বর সচল রাখার জন্য সচেতন করা। আবেদন অনুযায়ী প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে আবেদনকৃত ব্যক্তিদের চূড়ান্তভাবে যাচাই- বাছাই করে ভাতার আওতায় আনতে হবে। | উপজেলা সমাজসেবা দপ্তর, ও ভাতা বাস্তবায়ন কমিটি, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১৩ | উপজেলা পরিসংখ্যান অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, অর্থনৈতিক শুমারী ২০২৩ প্রকল্পের মুল শুমারীর কাজ গত ১০/১২/২০২৪ খ্রিঃ থেকে শুরু হয়ে ২৬/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত চলমান ছিল। শুমারী অত্যান্ত সুন্দর ভাবে সম্পুন্ন হয়েছে বলে সভায় জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলামান। | মুল শুমারীর কার্যক্রম সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা প্রয়োজন। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় হত-দরিদ্রদের জন্য বিনামূল্যে টুইন পিট অফসেট ল্যাট্রিন এর তালিকা তৈরীর কাজ চলমান। একটি অসাধু চক্র কর্তৃক আর্থিক লেলদেন এর অভিযোগ পাওয়া গেছে মর্মে সভায় অবগত করেন। এ বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলামান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, উপজেলা প্রশাসন ও ইউপি সকল চেয়ারম্যানগণ, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১৫ | উপসহকারী পরিচালকের কার্যালয়, বিএডিসি বীজ বিপননঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, উপজেলা বিএডিসি বীজ বিপনন ভবনটি অনেক পুরোনো হওয়ায় নতুন বীজ বিপনন ভবন, অফিস ভবন ও বাউন্ডারী ওয়ালসহ নতুন সংযোগ সড়ক নির্মাণের জন্য অনুমোদন পাওয়া গেছে মর্মে সভাপতি মহোদয়কে জানান। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলায় নতুন করে বিএডিসি বীজ বিপনন ভবন, অফিস ভবন ও বাউন্ডারী ওয়ালসহ নতুন সংযোগ সড়ক নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপসহকারী পরিচালকের কার্যালয়, বিএডিসি বীজ বিপনন, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ অত্র দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, ডিসেম্বর ২০২৪ খ্রিঃ পর্যন্ত প্রশিক্ষণার্থী ২১০ জন। ঋণ বিতরণ ৪,৯০,০০০/- (চারলক্ষ নব্বই হাজার) টাকা। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | প্রশিক্ষণ শেষে ঋণ বিতরণ করা হবে। এ জন্য সকলের সহযোগীতা প্রয়োজন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম। |
| ১৭ | তথ্যআপা অফিসঃ অত্র দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে। ডোর টু ডোর সেবা, স্বাস্থ্য সেবা এবং তথ্য কেন্দ্রের সেবাসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর ২০২৪ মাসে ০১ টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান। | উঠান বৈঠক অব্যহত রাখতে হবে। | তথ্য আপা অফিস, উলিপুর, কুড়িগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮ | ০১। আপ্যায়ন খরচ- = ৩২,৩৭৫/-<br>০২। ০৪ জন কর্মচারীর নভেম্বর ২০২৪ মাসের দৈনিক মজুরী বাবদ = ৬৮,২০০/-<br>০৩। ইন্টারনেট বিল- = ৩,৬০০/-<br>০৪। উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর ডিসেম্বর ২০২২৪ মাসের সিপিএফ বাবদ = ৩,৬৩৭/-<br>০৫। মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে = ৫০,০০০/-<br>০৬। শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ উপলক্ষে অপ্রত্যাশিত খাত হতে ক্রয় বাবদ = ৫০,০০০/-<br>০৭। কম্পিউটার মেরামত বাবদ = ৫০,০০০/-<br>সর্বমোটঃ = ২,৫৭,৮১২/- | উপস্থাপিত খরচসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশনা অনুযায়ী ব্যয় করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা |

সভাপতি উল্লিখিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উলিপুর উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ডের ধারা অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উক্ত সভায় সকল সদস্যদের উপস্থিত থাকার অনুরোধ করেন।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী মাহমুদুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
উলিপুর, কুড়িগ্রাম।
মেইল: unoulipur@mopa.gov.bd

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উলিপুর, কুড়িগ্রাম।
ulipur.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৯৪.০০০.০৪.০০৪.২৫- ১৪২৭

তারিখঃ ১৬ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুড়িগ্রাম।
০৫। উপজেলা.........................................................................অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান.......................................................................ইউপি (সকল), উলিপুর, কুড়িগ্রাম।
০৭। জনাব/বেগম...................................................................... উলিপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

(কাজী মাহমুদুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
উলিপুর, কুড়িগ্রাম।
মেইলঃ unoulipur@mopa.gov.bd